



আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে গত ২২ ডিসেম্বর ২০১৬, বৃহস্পতিবার বিকেলে অনুষ্ঠিত হলো “সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের পাঠদান প্রক্রিয়ায় প্রমিত বাংলাভাষার ব্যবহার” শীর্ষক প্রশিক্ষণের ‘কোর্স সমাপনী ও সনদ প্রদান অনুষ্ঠান’। ০৫ (পাঁচ) দিনব্যাপী (১৮-২২) এ প্রশিক্ষণ কোর্সে দেশের ৮টি বিভাগ থেকে মোট ২৬জন শিক্ষক (১১ জন নারী ও ১৫ জন পুরুষ) অংশগ্রহণ করে। প্রশিক্ষণশেষে ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. জীনাৎ ইমতিয়াজ আলী প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করেন। ইনস্টিটিউটের কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।